



Classification: Official

Publications approval reference: C1321

কোভিড-19 এর টিকা পাওয়া যাচ্ছে এবং সংক্রামক রোগের হাত থেকে নিজেকে সুরক্ষিত রাখা আপনার অধিকার

কোভিড-19 এর টিকা ইউকের সবার জন্য বিনা মূল্যে প্রদান করা হয়। এতে অন্তর্ভুক্ত রয়েছে সকল মাইগ্র্যান্ট।

ইউকেতে লক্ষ লক্ষ মানুষ তাদের কোভিড-19 এর টিকা নিয়েছে। এটি নিরাপদ এবং এতে কোন প্রাণী বা ক্ষতিকারক উপাদান নেই। কোভিড-19 এর দ্বারা মৃত্যু বা মারাত্মক অসুস্থতা প্রতিরোধে টিকা প্রদান সর্বোত্তম একটি উপায়।

কোভিড-19 এর টিকা পাওয়ার জন্য আপনার একজন জিপি বা এনএইচএস নম্বর থাকার দরকার নেই।

আপনার যদি একটি এনএইচএস নম্বর না থাকে তাহলে টিকা পেতে আপনি আপনার স্থানীয় জিপি সার্জারির সাথে যোগাযোগ করতে পারেন বা একটি কোভিড-19 টিকা ওয়াক ইন সেন্টার বা পপ ইন সেন্টারে যেতে পারেন।

আপনার যদি একটি এনএইচএস নম্বর থাকে তাহলে আপনার টিকা গ্রহণের ডাক পড়লে সেটি নেওয়ার জন্য আমরা আপনাকে উৎসাহ জানাবো।

আপনার নিজের জন্য এবং আপনার সাথে বসবাসকারী লোকজনের জন্য সবচেয়ে ভালো কোনটি সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্যের জন্য আমরা আপনাকে কোভিড-19 এর টিকার ব্যাপারে তথ্য প্রদান করবো এবং আপনি এ ব্যাপারে স্বাস্থ্য কর্মীদের কাছে জানতে চাইতে পারেন।

কোভিড-19 এর টিকা নেওয়ার জন্য আপনাকে **কখনও বাধ্য করা হবে না** এবং এতে আপনার এসাইলাম বা রিফিউজি স্ট্যাটাসের উপর **কোনো প্রভাব পড়বে না**।

কোভিড-19 এর টেস্ট, চিকিৎসা বা টিকার জন্য **কোনো ইমিগ্রেশন চেক করা হয় না**।

কোভিড-19 এর বিরুদ্ধে সর্বোচ্চ সুরক্ষা পেতে সাধারণত আপনাকে কোভিড-19 এর **দুটি টিকা গ্রহণ করতে হবে**।

আপনি টিকা গ্রহণের পর টিকার তথ্যের ব্যাপারে আপনাকে একটি কার্ড দেওয়া হবে, আপনি যদি পারেন তাহলে আপনার দ্বিতীয় টিকা গ্রহণের সময় এই কার্ডটি সাথে নিয়ে আসবেন। আপনাকে কার্ডটি দেওয়া না হলে অনুগ্রহ পূর্বক একটি চেয়ে নিন।

কোভিড-19 এর টিকার ব্যাপারে আরও তথ্য আপনি ইংরেজি বা অন্য ভাষাতে পাবেন:

- [COVID-19 guide for older adults](#)
- [NHS England COVID-19 vaccination communication materials](#)
- [COVID-19 vaccination for women of childbearing age, pregnant, planning a pregnancy or breastfeeding](#)
- [COVID-19 easy read resources](#)
- [Doctors of the World UK COVID-19 vaccination information](#)

আমি কি একজন জিপির সাথে নিবন্ধন করতে পারি?

ইউকেতে বসবাসকারী **যে কেউ** একজন জিপির সাথে নিবন্ধন করতে পারেন। স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত সেবা পেতে আপনার জিপি আপনাকে সাহায্য করতে পারেন।

আপনার কাছে আপনার ঠিকানার প্রমাণ বা আইডি চাওয়া হতে পারে।

আপনার কাছে যদি ঠিকানার প্রমাণ বা আইডি না থাকে তাহলে তাদেরকে বলুন যে আপনার এগুলো নেই। এর পরেও আপনি একজন জিপির সাথে নিবন্ধন করতে পারবেন।

আপনার যদি ঠিকানার কোন প্রমাণ এবং আইডি থাকে তাহলে সম্ভব হলে সেটি দিন।

আপনার ব্যাপারে এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত যেসব তথ্য আপনার ডাক্তারের কাছে রয়েছে **সেটি গোপনীয়।**

আপনি নিবন্ধন করার সময় এই চিঠিটি আপনার জিপিকে দেখাতে পারেন যদি আপনি মনে করেন সেটি কাজে আসবে।

একজন জিপিকে খুঁজে পেতে বা জিপির সাথে নিবন্ধন করতে আরও সাহায্যের জন্য আপনার হাউজিং ওয়ার্কারের সাথে কথা বলুন বা 0300 311 2233 নম্বরে টেলিফোন করুন। আপনি আরোও তথ্য পেতে পারেন এখানে [NHS website](#) এবং [GP access cards](#).

শুভেচ্ছান্তে



Dr Nikki Kanani
Deputy SRO, COVID-19 Vaccination
Deployment Programme
Medical Director of Primary Care
NHS England and NHS Improvement

This letter is translated into Bengali.

This letter is also available in English and translated into Arabic, Brazilian Portuguese, Bulgarian, Chinese, Czech, Estonian, Farsi, Greek, Gujarati, Hindi, Latvian, Lithuanian, Punjabi, Polish, Romanian, Romani, Russian, Spanish, Somali, Turkish, Twi, Ukrainian and Urdu.